Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 18 April, 2025

চট্টগ্রাম নগরীর আকবর শাহ থানা এলাকায় বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের (বৈছাআ) নেতাকর্মীদের ওপর ছাত্রদলের হামলার অভিযোগ উঠেছে।এ ঘটনায় এস এম মারুফ নামে বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের এক কর্মী আহত হয়েছেন।তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে (চমেক) পাঠিয়েছে পুলিশ।

বৃহস্পতিবার (১৭ এপ্রিল) সন্ধ্যায় এ ঘটনায় ঘটে। বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের নেতাকর্মীরা বলছে, বৃহস্পতিবার সকালে নগরীর আকবর শাহ থানার উত্তর কাট্টলী আলহাজ্ব মোস্তফা হাকিম ডিগ্রি কলেজেও সাধারণ শিক্ষার্থীদের হামলার অভিযোগ উঠেছিল ছাত্রদলের বিরুদ্ধে।পরে কলেজে বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলন ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রতিনিধিরা গেলে তাদের ওপরও হামলার অভিযোগ উঠে ছাত্রদলের বিরুদ্ধে। সন্ধ্যায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতারা আকবরশাহ থানায় মামলা করতে গেলে সেখানেও মিছিল নিয়ে জড়ো হন ছাত্রদলের নেতাকর্মীরা। পরে বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের নেতাকর্মীরা থানায় আশ্রয় নেন।

বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলন, চট্টগ্রাম নগর আহবায়ক আরিফ মঈনুউদ্দিন সাংবাদিকদের বলেন, সকাল থেকেই সাধারণ শিক্ষার্থীদের ওপর দফায় দফায় হামলা করছে ছাত্রদল।এ বিষয়ে আমরা বৃহস্পতিবার সন্ধ্যায় আকবরশাহ থানায় মামলা করতে আসার পর ছাত্রদলের সন্ত্রাসীরা মিছিল নিয়ে এসে আমাদের ওপর হামলা করে।আমাদের এক সহযোদ্ধা গুরুতর আহত হয়েছেন।ছাত্রদলের সন্ত্রাসীরা বাইরে জড়ো হয়ে স্লোগান দিচ্ছেন।

নগর ছাত্রদলের যুগ্ম আহবায়ক (দপ্তরের দায়িত্বপ্রাপ্ত) সাব্বির আহমেদ বলেন, ছাত্রদলের নাম জড়িয়ে অনেকে বিভ্রান্তিকর তথ্য ছড়াচ্ছে। সকালে যেটা হয়েছে সেটা ভুল বোঝাবুঝি। কিন্তু এখন ছাত্রলীগ ও শিবির সেটার সুযোগ নিয়ে বৈষম্যবিরোধী ট্যাগ দিয়ে লাইভ দিয়ে অপপ্রচার চালাচ্ছে। আমি ঘটনাস্থলে আছি। এখানে উৎসুক জনতা বেশি। সেনাবাহিনী এসেছে। বিষয়টি দ্রুত সমাধান করতে আমরা সবাই চেষ্টা করছি।

এ বিষয়ে জানতে আকবরশাহ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. কামরুজ্জামানের মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করার চেষ্টা করা হলেও তিনি কল ধরেননি।

ষম্যবিরোধী ছাত্র-আন্দোলন ছাত্রদল হামলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:18

URL: https://www.timestodaybd.com/public/chittagong/775807998